EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

PRESS RELEASE

BANGLADESH INCREASES ITS CAPACITY TO TRAIN UN PEACEKEEPERS

DHAKA, JULY 8 , 2017 – U.S. Admiral Harry B. Harris Jr., the Commander of United States Pacific Command (USPACOM) attended the dedication ceremony for the new multi-purpose training facility as part of the Bangladesh Institute of Peace Support Operation Training (BIPSOT) in Gazipur and in support of the U.S. State Department's Global Peace Operations Initiative or GPOI program. U.S. Ambassador Marcia Bernicat and Bangladesh Army Chief General Abu Belal Muhammad Shafiul Huq also made comments.

The new $3.6 million multi-purpose training facility provides the BIPSOT with a 750 seat auditorium and additional training rooms, and was part of nearly $5 million in U.S. Government assistance allocated to enhance Bangladesh's capacity to effectively train and conduct United Nations and regional peace support operations.

The BIPSOT will be the site for the Bangladesh Army and USPACOM co-sponsored Multinational Peacekeeping Exercise Shanti-Doot 4, scheduled to begin late February into early March of next year. The exercise is designed to increase participants' interoperability and peacekeeping skills prior to deployment of UN missions.

2018 marks the 30th anniversary of Bangladesh's entry into UN Peacekeeping and Bangladesh is currently the fourth highest contributing nation with more than 6,900 troops and police serving in 13 UN peace keeping operations.

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

PRESS RELEASE

বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষীদের প্রশিক্ষণে দক্ষতা বৃদ্ধি করছে

ঢাকা, ৮ জুলাই, ২০১৭ - যুক্তরাষ্ট্র প্যাসিফিক কমান্ড (ইউএসপেকম) এর কমান্ডার এডমিরাল হ্যারি বি. হ্যারিস জুনিয়র, গাজীপুরে বাংলাদেশ ইনিস্টিউট ফর পিস সাপোর্ট অপারেশন্স (বিপসট) -এ বহুমুখী কর্মশালা কেন্দ্র উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এছাড়াও বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট এবং বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল আবু বেলাল মুহাম্মদ শফিউল হক। নতুন এই বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র গাজীপুরে বাংলাদেশ ইনিস্টিউট ফর পিস সাপোর্ট অপারেশন্স (বিপসট) এর অংশ ও যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তরেরে বিশ্ব শান্তি কার্যক্রম উদ্যোগ বা জিপিওআই- এর অংশ।

বিপসট-এর নতুন এই ছত্রিশ লাখ ডলারের বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্রে রয়েছে ৭৫০আসনের মিলনায়তন এবং আনুষাঙ্গিক প্রশিক্ষণ কক্ষ, এটি যুক্তরাষ্ট্র সরকারের প্রায় পঞ্চাশ লাখ ডলারের সহযোগিতার অংশ যা জাতিসংঘ এবং আঞ্চলিক শান্তিরক্ষা অভিযানে কার্যকরভাবে প্রশিক্ষণ এবং পরিচালনা করার জন্য বাংলাদেশের দক্ষতা বৃদ্ধি করবে।

বিপসটে আগামী বছরের ফেব্রুয়ারির শেষ থেকে শুরু হয়ে মার্চ মাসের প্রথম পর্যন্ত অনুষ্ঠিত হবে বাংলাদেশ সেনাবাহিনী এবং যুক্তরাষ্ট্র প্যাসিগিক কমান্ডের যৌথ অর্থায়নে বহুজাতিক শান্তিরক্ষা অনুশীলন "শান্তিদূত – ৪"। জাতিসংঘ মিশনে যোগ দেয়ার আগে অংশগ্রহণকারীদের আন্তঃ কর্ম-পরিচালনা এবং শান্তিরক্ষা কার্যক্রম দক্ষতা বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণ বিশেষভাবে সাজান হয়েছে।

২০১৮ সাল জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের যোগ দেয়ার ত্রিশ বছর পূর্তি হবে। সর্বোচ্চ অবদানের ক্ষেত্রে বর্তমানে বাংলাদেশ চতুর্থ স্থানে রয়েছে যেখানে ৬,৯০০ এর বেশি সৈন্য এবং পুলিশ ১৩টি জাতিসংঘ শান্তিরক্ষা অভিযানে কাজ করছে।

==========